

জনাব রফিকুল ইসলাম বর্তমানে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে জয়পুরহাট সদরে কর্মরত আছেন। তিনি বিসিএস (মৎস্য) ক্যাডারের ৩৪ তম ব্যাচের একজন সদস্য। অদ্যাবধি তিনি মৎস্য অধিদপ্তরের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে মোহনপুর, রাজশাহীতে কর্মরত ছিলেন। এছাড়া তিনি উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে আজমিরীগঞ্জ (হবিগঞ্জ), সখিপুর (টাঙ্গাইল) এবং কালাই (জয়পুরহাট)-এ অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে তঁর দায়িত্ব পালন করেন। মাঠ পর্যায়ের এই প্রশাসনিক অভিজ্ঞতার পাশাপাশি তিনি হিলি স্থলবন্দরে 'ফিশারিজ কোয়ারান্টাইন অফিসার' হিসেবেও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

জনাব রফিকুল ইসলাম ১৯৮৭ সালের ০১ মার্চ ময়মনসিংহ জেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই সন্তানের জনক। তিনি একজন অত্যন্ত কর্মোদ্যোগী, সৃজনশীল এবং লক্ষ্য-নির্ধারিত ব্যক্তিত্ব, যিনি বাস্তবমুখী চ্যালেঞ্জ মোকাবেলা ও প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে দৃঢ় সংকল্পবদ্ধ।

চাকুরিকালীন সময়ে তিনি বিসিএস ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত ৬ মাস মেয়াদী ফাউন্ডেশন ট্রেনিং কোর্স সফলতার সাথে সম্পন্ন করেন। এছাড়া তিনি আরডিএ (RDA), বগুড়া থেকে ১১ দিন মেয়াদী পল্লী উন্নয়ন সংযুক্তি কর্মসূচি এবং জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ থেকে ২ দিনের a2i প্রশিক্ষণ গ্রহণ করেন। সরকারি দায়িত্ব পালন ছাড়াও তিনি স্পেস অ্যান্ড এনভায়রনমেন্ট রিসার্চ সেন্টারে (SERC) ২ বছর 'ডিরেক্টর অব অ্যাকুয়াকালচার' হিসেবে কাজ করেছেন এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে একটি গবেষণা প্রকল্পে ৩ মাস রিসার্চ অ্যাসিস্ট্যান্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

শিক্ষাজীবনে তিনি ২০০২ সালে বিজ্ঞান বিভাগে এসএসসি এবং ২০০৪ সালে বিজ্ঞান বিভাগে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন। পরবর্তীতে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মৎস্য বিজ্ঞান বিভাগ থেকে ২০০৯ সালে বিএসসি ফিশারিজ (সম্মান) ডিগ্রী অর্জন করেন। এরপর তিনি একই বিশ্ববিদ্যালয় ও বিভাগ থেকে ২০১১ সালে অ্যাকুয়াকালচার বিষয়ে এমএস (MS) ডিগ্রী লাভ করেন।

গবেষণা ক্ষেত্রে তিনি দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে (যেমন: ক্রোয়েশিয়ান জার্নাল অব ফিশারিজ) বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশ করেছেন | তার গুগল স্কলার লিংক

(https://scholar.google.com/citations?hl=en&user=K9H1Z_MAAAAJ) | বিপন্ন মৎস্য প্রজাতির

প্রজনন ও সংরক্ষণ এবং মৎস্য বিপণন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন গবেষণামূলক কাজের সাথে তিনি ওতপ্রোতভাবে জড়িত।

তিনি সেমিনার ও কর্মশালা আয়োজন, বৈজ্ঞানিক প্রতিবেদন তৈরি এবং ল্যাব ও প্রশাসনিক ব্যবস্থাপনায় অত্যন্ত দক্ষ।